

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শনে দুদক

(অভিযানের তারিখ: ০১ আগস্ট, ২০১৮ খ্রি:)



দুদক হটলাইনে (১০৬) আগত ঘুষ ও দুর্নীতির অভিযোগের প্রেক্ষিতে আজ (০১/০৮/২০১৮ ইং) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রো উপ-অঞ্চলের আওতায় লালবাগ, কোতোয়ালি ও সূত্রাপুর সার্কেল পরিদর্শন করেছে দুদক। সহকারী পরিচালক মোঃজাহিদ কালামের নেতৃত্বে পুলিশসহ ছয় সদস্যের একটি টিম এ কার্যালয় সমূহে আকস্মিক পরিদর্শন চালায়। সরেজমিন পরিদর্শনে দুদকটিম উদ্ঘাটন করে, বিভিন্ন ক্লাব ও বার -এর লাইসেন্সিং- এর শর্তাবলি ভঙ্গ করা হচ্ছে এবং এসব সামগ্রী আমদানি-রপ্তানির কোনো রেকর্ড নেই। ফলে এসব ক্লাব/বারগুলোর উপরে অধিদপ্তরের নিয়ন্ত্রণ দুর্বল। দুদকটিম দপ্তরের রেকর্ডপত্র যাচাই করে এবং দৈবচয়ন পদ্ধতিতে পর্যবেক্ষণ করে, উদ্ধারকৃত মাদকের প্রকৃত সংখ্যার সাথে নথিতে লিপিবদ্ধ সংখ্যার পার্থক্য রয়েছে।

এসব অনিয়ম দূর করতে দপ্তরের উপপরিচালককে পরামর্শ প্রদান করে দুদক টিম। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিচালক দুদকটিম কর্তৃক উদঘাটিত অনিয়মসমূহ দূরীকরণে শীঘ্রই প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার আশ্বাস প্রদান করেন। তিনি দুদক টিমের এ অভিযানকে স্বাগত জানান।

এ অভিযান প্রসঙ্গে এনফোর্সমেন্ট অভিযানের সমন্বয়কারী দুদকের মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মাদ মুনির চৌধুরী জানান, “দেশকে মাদকের আগ্রাসন থেকে রক্ষা করতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যক্রমে অধিকতর শৃঙ্খলা ও স্বচ্ছতা আনা প্রয়োজন, সে লক্ষ্যে এ নজরদারীমূলক কার্যক্রম চালিয়েছে দুদক।”